# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়
# ঢাকা

## সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ১৪২/২০১৭-১৮**

**ঢাকা, সোমবার ২২ জানুয়ারি ২০১৮, ৯ মাঘ ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। পার্বত্য চট্টগ্রামের ভূমি স্থানীয়দের কাছেই থাকবে : প্রধানমন্ত্রী

২। ইজতেমার আখেরি মোনাজাতে অংশ নিলেন রাষ্ট্রপতি

৩। লাইসেন্স ছাড়া কৃষিকাজের জন্য নলকূপ বসালেই জেল জরিমানা : সংসদে বিল পাশ

৪। সুনামগঞ্জের হাওরে বাঁধ উঁচু করা, খাল খননসহ নানা কাজ চলছে : সংসদে পানিসম্পদ মন্ত্রী

৫। উচ্চ আদালতে গিয়ে মানহীন মেডিকেল কলেজে শিক্ষার্থী ভর্তি, সংসদে স্বাস্থ্যমন্ত্রীর ক্ষোভ

৬। কূটনীতিকদের সঙ্গে ব্রিফিংয়ে পররাষ্ট্রমন্ত্রী
নিরাপত্তা নিশ্চিত করার পরই রোহিঙ্গাদের ফেরত পাঠানো হবে

৭। তোফায়েল আহমেদের সাথে সফররত ডেপুটি মন্ত্রীর বৈঠক
রাশিয়ার বাজারে তৈরিপোশাকের শুল্কমুক্ত প্রবেশ চায় বাংলাদেশ

৮। এ বছর ১ লাখ ২৭ হাজার ১৯৮ বাংলাদেশি হজ করতে পারবেন : ধর্মমন্ত্রী

৯। অপরিকল্পিত নগরায়নের জন্য অতীতের নগরবিদরাই দায়ী : গণপূর্তমন্ত্রী

১০। নির্বাচন যথাসময়েই অনুষ্ঠিত হচ্ছে : তথ্যমন্ত্রী

১১। আজ সরস্বতী পূজা

চলমান পাতা-২

**১।  পার্বত্য চট্টগ্রামের ভূমি স্থানীয়দের কাছেই থাকবে : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, পার্বত্য চট্টগ্রামের ভূমির মালিকানা স্থানীয়দেরই থাকবে। তিনি বলেন, জমি-জমার মালিকানা সেই বৃটিশ আমলে করা আইন দিয়ে নয় বরং আমাদের সব জায়গার মানুষ যেন তাদের ভূমির মালিকানাটা পায়, পার্বত্য অঞ্চলের মানুষ যেন তাদের ভূমির মালিকানাটা সেইভাবে নিতে পারে-সেটাই আমরা নিশ্চিত করতে চাই। গতকাল (২১ জানুয়ারি রোববার) প্রধানমন্ত্রী দুর্গম পার্বত্য এলাকায় বহুমুখী ব্যবহার উপযোগী ৪ হাজারতম পাড়াকেন্দ্রের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **প্রথম আলো** (পৃ.২,ক.২), **জনকণ্ঠ, ডেইলি সান, নিউজ টুডে, বাংলাদেশ টুডে** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল বর্ষীয়ান আওয়ামী লীগ নেতা ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঘনিষ্ঠ সহযোগী এস এম আতিউর রহমানের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন। এক শোকবার্তায় তিনি তাঁর রুহের মাগফিরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৩), **ডেইলি সান** (পৃ.২,ক.৫)।

**২।  ইজতেমার আখেরি মোনাজাতে অংশ নিলেন রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ গতকাল (২১ জানুয়ারি রোববার) বঙ্গভবন থেকে বিশ্ব ইজতেমার শেষ পর্বের আখেরি মোনাজাতে অংশগ্রহণ করেছেন। টঙ্গীর তুরাগতীরে সকালে আখেরি মোনাজাতের মধ্য দিয়ে দ্বিতীয় পর্বের বিশ্ব ইজতেমা শেষ হয়েছে। রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ দরবার হলে বঙ্গভবনে কর্মরতদের নিয়ে সরাসরি সম্প্রচার করা আখেরি মোনাজাতে অংশ নেন। সূত্র-**প্রথম আলো** (পৃ.২,ক.৮), **সংবাদ** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.২,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১)।

**৩।  লাইসেন্স ছাড়া কৃষিকাজের জন্য নলকূপ বসালেই জেল জরিমানা : সংসদে বিল পাশ**

লাইসেন্স ছাড়া কৃষিকাজের জন্য নলকূপ স্থাপন করলে জেল-জরিমানার বিধান রেখে 'কৃষিকাজে ভূগর্ভস্থ পানি ব্যবস্থাপনা আইন-২০১৮' নামে একটি বিল গতকাল (২১ জানুয়ারি রোববার) জাতীয় সংসদে কৃষিমন্ত্রী বেগম মতিয়া চৌধুরী পাশের প্রস্তাব করলে তা কণ্ঠভোটে পাশ হয়। কৃষি উন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রাখা এবং সেচ কার্যে পানির অপচয় হ্রাস এবং ভূগর্ভস্থ পানির সুপরিকল্পিত ব্যবহার নিশ্চিত করতেই বিলটি আনা হয়। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.৪)।

**৪।  সুনামগঞ্জের হাওরে বাঁধ উঁচু করা, খাল খননসহ নানা কাজ চলছে : সংসদে পানিসম্পদ মন্ত্রী**

পানিসম্পদ মন্ত্রী আনোয়ার হোসেন মঞ্জু বলেছেন, সুনামগঞ্জের হাওর এলাকায় বাঁধ উঁচু করার পাশাপাশি খাল খননের কাজ চলছে। সর্বোপরি পানি কোথায় যাবে সেটির উৎস বের করা হয়েছে। এজন্য মেঘনা-ভৈরব পর্যন্ত ড্রেজিং করতে হবে। গতকাল (২১ জানুয়ারি রোববার) সংসদে প্রশ্নোত্তর পর্বে এক সম্পূরক প্রশ্নের জবাবে মন্ত্রী একথা জানান। নৌপরিবহণ মন্ত্রী শাজাহান খানের অনুপস্থিতিতে তাঁর পক্ষে সংসদে নৌপরিবহণ মন্ত্রণালয় সম্পর্কিত বিভিন্ন প্রশ্নের উত্তর দেন পানিসম্পদ মন্ত্রী। সূত্র : **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি স্টার** (পৃ.৫,ক.১)।

**৫ ।  উচ্চ আদালতে গিয়ে মানহীন মেডিকেল কলেজে শিক্ষার্থী ভর্তি, সংসদে স্বাস্থ্যমন্ত্রীর ক্ষোভ**

উচ্চ আদালতে গিয়ে কিছু মানহীন বেসরকারি মেডিকেল কলেজ শিক্ষার্থী ভর্তির অনুমোদন নিয়ে আসার ঘটনায় সংসদে ক্ষোভ প্রকাশ করেছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম। অনুমোদনহীন ঐসব হাসপাতালের পক্ষে দাঁড়ানো আইনজীবীদের ব্যাপারে প্রশ্ন তুলে তিনি বলেন, এসব বেসরকারি মেডিকেল কলেজে ছাত্র ভর্তি হলে তাদের ভবিষ্যৎ কী হবে? শুধু টাকার জোরে বড় বড় আইনজীবী ধরে মিথ্যা তথ্য দিয়ে এসব মানহীন মেডিকেল কলেজ আদালত থেকে ভর্তির আদেশ নিয়ে আসছে। গতকাল (২১ জানুয়ারি রোববার) জাতীয়সংসদে প্রশ্নোত্তর পর্বে তিনি এসব কথা বলেন। তিনি বলেন, আমাদের অবস্থান পরিষ্কার, কোনো মানহীন বেসরকারি মেডিকেল কলেজকে শিক্ষার্থী ভর্তির অনুমোদন দেওয়া হবে না। সূত্র : **যুগান্তর** (শেষ পৃ.,ক.৪), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **ডেইলি স্টার** (পৃ.৫,ক.১) **নিউজ টুডে** (পৃ.১,ক.২)।

৬। **কূটনীতিকদের সঙ্গে ব্রিফিংয়ে পররাষ্ট্রমন্ত্রী**
**নিরাপত্তা নিশ্চিত করার পরই রোহিঙ্গাদের ফেরত পাঠানো হবে**

রাখাইনে নিরাপত্তা নিশ্চিত করার পরই রোহিঙ্গাদের ফেরত পাঠানো হবে বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী। কাউকে জোর করে পাঠানো হবে না। তিনি বলেন, প্রত্যাবাসন প্রক্রিয়ায় জাতিসংঘ শরণার্থী সংস্থাকে যুক্ত করতে মিয়ানমার সরকারও নীতিগতভাবে সম্মত হয়েছে। এজন্য জাতিসংঘ শরণার্থী সংস্থার সঙ্গে চুক্তি করা হবে। গতকাল (২১ জানুয়ারি রোববার) রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় রোহিঙ্গাদের সর্বশেষ পরিস্থিতি নিয়ে বিদেশি কূটনীতিকদের সাথে ব্রিফিংশেষে এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানান তিনি। সূত্র : **সংবাদ** (পৃ.১,ক.৫), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬)।

৭। **তোফায়েল আহমেদের সাথে সফররত ডেপুটি মন্ত্রীর বৈঠক**
**রাশিয়ার বাজারে তৈরিপোশাকের শুল্কমুক্ত প্রবেশ চায় বাংলাদেশ**

রাশিয়ার বাজারে বাংলাদেশের তৈরিপোশাকের শুল্কমুক্ত প্রবেশাধিকার চেয়েছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। ২০২৫ সালের ওয়ার্ল্ড এক্সপোর আয়োজক হওয়ার প্রতিযোগিতায় বাংলাদেশের সমর্থনের আশায় ঢাকায় সফররত রাশিয়ার প্রতিনিধিদলের প্রধান ও দেশটির ডেপুটি কৃষিমিন্ত্রী লেভিন সার্গেই ইভোভিসের কাছে এ সুবিধা দাবি করেছেন বাণিজ্যমন্ত্রী। গতকাল (২১ জানুয়ারি রোববার) সচিবালয়ে বাণিজ্যমন্ত্রীর সঙ্গে দেখা করেন লেভিন সার্গেই ইভোভিস। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৮,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৩)।

৮। **এ বছর ১ লাখ ২৭ হাজার ১৯৮ বাংলাদেশি হজ করতে পারবেন : ধর্মমন্ত্রী**

এ বছর বাংলাদেশ থেকে **১** লাখ ২৭ হাজার **১৯৮** জন হজ করতে পারবেন। এর মধ্যে সরকারি ব্যবস্থাপনায় ৭ হাজার **১৯৮** জন এবং অবশিষ্ট **১** লাখ ২০ হাজার বেসরকারি ব্যবস্থাপনায় হজ করার সুযোগ পাবেন। গতকাল (২১ জানুয়ারি রোববার) ধর্ম মন্ত্রণালয়ের সভাকক্ষে আয়োজিত এক সংবাদ সম্মেলনে সাংবাদিকদের এ তথ্য জানান ধর্মমন্ত্রী অধ্যক্ষ মতিউর রহমান। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.৬)।

৯। **অপরিকল্পিত নগরায়নের জন্য অতীতের নগরবিদরাই দায়ী : গণপূর্তমন্ত্রী**

ঢাকায় অপরিকল্পিত নগরায়নের জন্য অতীতের নগর পরিকল্পনাবিদদের দায়ী করলেন গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন। গতকাল (২১ জানুয়ারি রোববার) ঢাকা রিপোর্টার্স ইউনিটির (ডিআরইউ) সাগর-রুনি মিলনায়তনে ডিআরইউ আয়োজিত মিট দ্য রিপোর্টার্স অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। মন্ত্রী বলেন, গত পাঁচ বছরে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় অনেকগুলো প্রকল্প বাস্তবায়ন করেছে। আরও অনেক নতুন প্রজেক্ট নেওয়া হচ্ছে। এখন নিম্ন ও মধ্যবিত্ত আয়ের মানুষেরা আমাদের কাছ থেকে কমমূল্যে অ্যাপার্টমেন্ট কিনতে পারছে। আমরা এরই মধ্যে উত্তরায় ৬ হাজার ৬৩৮টি অ্যাপার্টমেন্ট বানিয়ে বিক্রি করেছি। মন্ত্রী আশুলিয়া ও কেরানীগঞ্জে দু'টি আবাসন প্রকল্পের পরিকল্পনার কথাও জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.২), **ডেইলি সান** (পৃ.৩,ক.৬)।

১০। **নির্বাচন যথাসময়েই অনুষ্ঠিত হচ্ছে : তথ্যমন্ত্রী**

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নির্বাচন নিয়ে তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, সংবিধান অনুযায়ী যখন যে নির্বাচন করার সময় তখনই সে নির্বাচন করা হচ্ছে। গতকাল (২১ জানুয়ারি রোববার) কুষ্টিয়া সার্কিট হাউজে দলীয় নেতাকর্মীদের সঙ্গে মতবিনিময়শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। এ সময় সহায়ক সরকার প্রসঙ্গে তথ্যমন্ত্রী বলেন, ৮ বছর ধরে সহায়ক সরকারের কোনো রূপরেখা, সাংবিধানিক ব্যবস্থা বা স্থায়ী কোনো সমাধানের প্রস্তাব বিএনপি জাতির কাছে উত্থাপন করতে পারেনি। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.৭), **ইত্তেফাক** (পৃ.২,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.৪)।

১১। **আজ সরস্বতী পূজা**

হিন্দু সম্প্রদায়ের অন্যতম ধর্মীয় উৎসব বিদ্যার ও ললিতকলার অধিষ্ঠাত্রী দেবী সরস্বতী পূজা আজ। মর্তের ভক্তকূল শ্বেতশুভ্র কল্যাণময়ী দেবী সরস্বতীর আবাহন করবে। আজ ঢাক-ঢোল-কাঁসর, শঙ্খ ও উলুধ্বনিতে মুখরিত



হয়ে উঠবে দেশের বিভিন্ন পূজামণ্ডপ। শাস্ত্রমতে, প্রতিবছর মাঘ মাসের শুক্ল পক্ষের পঞ্চমী তিথিতে শ্বেতশুভ্র কল্যাণময়ী বিদ্যাদেবীর বন্দনা করা হয়। সরস্বতী পূজা উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **প্রথম আলো** (পৃ.২,ক.১) **ডেইলি স্টার** (পৃ.৪,ক.১), **ডেইলি সান** (পৃ.৩,ক.১)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** উপজেলা পর্যায়ে নিরাপত্তার অভাব, বিশুদ্ধ পানির ব্যবস্থা না থাকা, জরাজীর্ণ অবস্থার কারণে সরকারি আবাসনে চিকিৎসকদের বসবাসের অনীহার কারণে কর্মস্থলে নিয়মিতভাবে উপস্থিত হতে না পারায় স্বাস্থ্যসেবা ব্যাহত হচ্ছে উল্লেখ করে এ ব্যাপারে দৃষ্টি দেওয়ার সুপারিশ।

খ. **ইনকিলাব :** অর্থনীতির আকার ও সক্ষমতা বাড়াতে বিনিয়োগ বৃদ্ধির ওপর গুরুত্বারোপ ।

গ. **প্রথম আলো :** চাঁদপুর সরকারি শিশু পরিবারের সীমানাপ্রাচীরের ভেতর দিয়ে স্থানীয় কয়েকটি পরিবারের লোকজনের চলাচল শিশুদের নিরাপত্তার জন্য হুমকি হওয়ায় এ ব্যাপারে সমাজসেবা অধিদপ্তরকে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঘ. **সমকাল :** গত বছর দেশে মাছের উৎপাদন ৪১ লাখ টনের বেশি হওয়ায় মাছের স্বয়ংসম্পূর্ণতা অর্জিত হয়েছে উল্লেখ করে মৎস্যখাতে উৎপাদন বৃদ্ধির এধারা অব্যাহত রাখার আহ্বান।

ঙ. **ডেইলি সান :** রাজধানীর সড়কের পাশের অবৈধ মার্কেট, অস্থায়ী দোকানপাট উচ্ছেদ করে যানজট সমস্যা লাঘবে যথাযথ কর্তৃপক্ষকে আহ্বান।

চ. **ডেইলি স্টার :** দেশের জেলসমূহে কয়েদিদের মধ্যে ধর্মীয় চরমপন্থা ও সন্ত্রাসী কার্যক্রম ক্রমান্বয়ে বেড়ে যাওয়ায় সরকারকে যথোপযুক্ত পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ছ. **নিউজ টুডে :** নিত্য প্রয়োজনীয় পণ্যসামগ্রীর মূল্য বৃদ্ধির প্রবণতা নিয়ন্ত্রণে না আনতে পারলে সরকারের অনেক অর্জন ম্লান হয়ে পড়ার আশঙ্কা প্রকাশ।

জ. **নিউ নেশন :** প্রবাসে বাংলাদেশি কর্মীর অকাল মৃত্যুর ঘটনা বেড়ে যাওয়ায় সংশ্লিষ্ট দেশের বাংলাদেশি মিশনকে প্রবাসীদের সমস্যা সমাধানে আরো আন্তরিক হওয়ার সুপারিশ।

ঝ. **নিউ এজ :** সুদান ও সোমালিয়ার মতো সমস্যাবহুল দেশে বাংলাদেশি কর্মী পাঠানোর আগে তাদের কাজের নিরাপত্তার ব্যাপারে বাংলাদেশকে যথাযথ পদক্ষেপ নেওয়ার আহ্বান।

## উপসম্পাদকীয়

**ভোরের কাগজ** পত্রিকায় প্রকাশিত কলামে সমৃদ্ধি ও উন্নত আগামী বিনির্মাণে প্রাথমিক শিক্ষার মানোন্নয়ন ও আধুনিকায়ন প্রয়োজন বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'বন্ধ হোক ভিক্ষা বাণিজ্য'** শিরোনামের নিবন্ধে ভিক্ষাবৃত্তি বন্ধে ভিক্ষুকদের রাষ্ট্রীয়ভাবে সহজতর কর্মসংস্থানের সুযোগ ও কারিগরি শিক্ষা গ্রহণে উদ্বুদ্ধ করতে হবে বলে অভিমত প্রকাশ।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/২০১৮/৯.০০